দৈনিক ইত্তেফাক

তারিখ 13 FEB 1994
পৃষ্ঠা ৩ কলাম ৪

76

রাজশাহী ভার্সিটির অধীন

# ১৯টি কলেজের ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ স্থগিত

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের ১৮৪তম সভার সিদ্ধান্তক্রমে ১৯টি কলেজের ১৯৯২ সালের বিএ ও বি,এস,এস (পাস) পরীক্ষার ফল প্রকাশ স্থগিত রাখা হইয়াছে। কলেজগুলি হইল— কুষ্টিয়া ইসলামিয়া কলেজ; ভেড়ামারা কলেজ, ভেড়ামারার দৌলতপুর কলেজ, খাসমথুরাপুর পিপলস

(৪র্থ পৃঃ দ্রঃ)

## ফলপ্রকাশ স্থগিত

(৩য় পৃঃ পর)

কলেজ, খুলনার দৌলতপুর (ডে-নাইট) কলেজ, দিনাজপুর মহিলা কলেজ, দিনাজপুর কেবিএম কলেজ, দিনাজপুর সরকারী কলেজ (বহিরাগতসহ) দিনাজপুর আদর্শ কলেজ, দিনাজপুরের ইছামতি কলেজ, ঠাকুরগাঁও-এর পীরগঞ্জ সরকারী কলেজ; সাথিয়া কলেজ, জামতৈলের হাজী কোরপ আলী কলেজ; সিরাজগঞ্জ সরকারী কলেজ (বহিরাগতসহ); সিরাজগঞ্জের রাশিদা জোহা মহিলা কলেজ; সিরাজগঞ্জ ইসলামিয়া কলেজ; টেংলাহাটি আর,আই, এম কলেজ; বগুড়ার নন্দীগ্রামের মনসুর হোসেন কলেজ এবং নাটোরের বড়াইগ্রাম ডিগ্রী কলেজ। পরীক্ষায় ব্যাপক হারে অসদুপায় অবলম্বন করাসহ বিভিন্ন কারণে ও অভিযোগের পরিপ্রেক্ষিতে এই সকল কেন্দ্রের ফল প্রকাশ স্থগিত রাখা হইয়াছে।